# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

স্মারক নংঃ সিশিবো/পনি/সনদ/২১/২০১৯/১৪৫ তারিখ ঃ ২৯/০৫/২০১৯ খ্রি.

প্রেরক ঃ পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ **সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্রের কেন্দ্র সচিব।**

বিষয় ঃ **২০১৮ সালের এস এস সি পরীক্ষার মূল সনদপত্র এবং ২০১৯ সালের একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।**

২০১৮ এর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) পরীক্ষার সনদপত্র এবং ২০১৯ সালের একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিম্নলিখিত সময়সূচি মোতাবেক তাই তাঁর কেন্দ্রের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সনদপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যক্তিগতভাবে গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রকাশ থাকে যে, কেন্দ্র সচিব এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/গভর্নিংবডি'র সভাপতি কর্তৃক তাঁর স্বাক্ষর প্রতিষ্ঠানের প্যাডে সত্যায়িত করে অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্যাডে প্রতিনিধির নমুনা স্বাক্ষর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে। **স্বাক্ষর সত্যায়ন ব্যতিত কোন অবস্থাতেই মূল সনদপত্র প্রদান করা হবে না।** বোর্ড হতে এ ব্যাপারে কোন টিএ / ডিএ প্রদান করা হবে না।

গ্রহণকৃত সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট সংক্রান্ত কোন গরমিল/ জটিলতা/অস্পস্টতা পরিলক্ষিত হলে তা গ্রহনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীকে লিখিতভাবে জানাতে হবে ; অন্যথায় পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

## মূল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বিতরণের সময়সূচী

| ক্রমিক | তারিখ | জেলার নাম | যে সব কেন্দ্রের সনদপত্র বিতরণ করা হবে | যেখান হতে বিতরণ করা হবে |
|---|---|---|---|---|
| ১. | ১৯/০৬/২০১৯ | হবিগঞ্জ | সকল কেন্দ্র | সনদপত্র বিতরণ করা হবে ৩য় তলায় ৩০৬ নং কক্ষ হতে এবং ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে ৪র্থ তলায় মাধ্যমিক শাখা হতে। |
| | | মৌলভীবাজার | সকল কেন্দ্র | |
| | | সুনামগঞ্জ | সকল কেন্দ্র | |
| ২. | ২০/০৬/২০১৯ | সিলেট | সকল কেন্দ্র | |

**বিঃ দ্র ঃ সত্যায়ন পত্রে প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর সংযুক্ত করার জন্য অনুরোধ করা হল।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৯/০৫/২০১৯

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১ - ৮৪ ০০ ৮৫

অবগতি ও কার্যার্থে ঃ

৫. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড - কে বোর্ডের web site -এ পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭. নোটিশ বোর্ড।
৮. সংরক্ষণ নথি।

C:\Documents and Settings\Admin\Desktop\NURUL\Distribution of Certificate.doc